

ভাষাদিবস-কেন্দ্রিক অনুষ্ঠানের রিপোর্ট

প্রতি বছরের ন্যায় এবছরও গত ২১ সে ফেব্রুয়ারি, ২০২৬ তারিখে নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্কুল অফ হিউম্যানিটিজের উদ্যোগে অনলাইন মাধ্যমে একটি ভাষাদিবস-কেন্দ্রিক অনুষ্ঠান আয়োজিত হয়। অনুষ্ঠানের সঞ্চালনার দায়িত্বে ছিলেন বিশ্ববিদ্যালয়ের বাংলা ভাষা ও সাহিত্য বিভাগের সহকারী অধ্যাপক ডঃ গীতশ্রী সরকার এবং ইংরাজি ভাষা ও সাহিত্য বিভাগের সহকারী অধ্যাপক শ্রী সৌমাভ চক্রবর্তী। উপস্থিত সদস্যবৃন্দ, মুখ্য বক্তাদ্বয়, সভামুখ্য, এবং শ্রোতাবৃন্দকে স্বাগত জানিয়ে সঞ্চালকদ্বয় অনুষ্ঠানের সূচনা ঘটান। আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, বর্তমান প্রেক্ষিত সম্পর্কে সঞ্চালকদ্বয়ের প্রাথমিক উপস্থাপনার মধ্যে দিয়ে অনুষ্ঠান পরিচালনার কাজ শুরু হয়। অনুষ্ঠানের প্রারম্ভিক ভাষণ প্রদান করেন মানববিদ্যা অনুষদের ভারপ্রাপ্ত আধিকারিক ডঃ শ্রীদীপ মুখার্জি মহাশয়।

অনুষ্ঠানের মূল বক্তা ছিলেন বিশ্ববিদ্যালয়ের বাংলা ভাষা ও সাহিত্য বিভাগীয় প্রধান অধ্যাপক মননকুমার মণ্ডল এবং জওহরলাল নেহেরু বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর ইন্ডিয়ান ল্যাঙ্গুয়েজেস, স্কুল অফ ল্যাঙ্গুয়েজ, লিটারেচার অ্যান্ড কালচার স্টাডিজের সহযোগী অধ্যাপক ডঃ মৃন্ময় প্রামাণিক। আলোচনার সভাপতিত্ব করেন নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ে ইংরেজি বিভাগের অধ্যাপক ডঃ হিমাদ্রি লাহিড়ী মহাশয়।

সঞ্চালক ডঃ গীতশ্রী সরকার কর্তৃক সভামুখ্য হিসাবে ডঃ লাহিড়ীকে দায়িত্ব নেবার আহ্বান জানানোর মধ্য দিয়ে অনুষ্ঠানের মূল পর্বের সূচনা ঘটে। সভামুখ্য মহাশয় সংক্ষেপে ভাষা আন্দোলনের গুরুত্ব এবং সেই প্রেক্ষিতে বর্তমান আলোচনার বিষয়বস্তু সম্পর্কে শ্রোতাদের অবগত করেন। পরিচয় অনুষ্ঠানের প্রথম বক্তা ছিলেন ডঃ মৃন্ময় প্রামাণিক এবং তাঁর আলোচনার বিষয় ছিল “ভাষা-মর্যাদা, বৌদ্ধিক অধিকার ও অনুবাদের ঔচিত্য”। এই আলোচনায় ডঃ প্রামাণিক আঞ্চলিক ভাষার প্রান্তিকিকরণ, ভাষা-রাজনীতি, এবং প্রান্তিক ভাষার সংরক্ষণ নিয়ে বক্তব্য উপস্থাপন করেন।

সঞ্চালক শ্রী সৌমাভ চক্রবর্তী দ্বিতীয় বক্তা অধ্যাপক ডঃ মনন কুমার মণ্ডলকে আহ্বান জানান আলোচনা সভার দ্বিতীয় পর্বের বক্তৃতার জন্য। অধ্যাপক মণ্ডলের আলোচনার বিষয় ছিল “অমর একুশ: পালিয়ে বেড়ায়, দৃষ্টি এড়ায়”। এই আলোচনায় অধ্যাপক মণ্ডল একুশের আন্দোলনের তাৎপর্য এবং বর্তমান দিনে তার প্রাসঙ্গিকতা নিয়ে আলোচনা করেন। বাংলা ভাষার আগামী ভবিষ্যতের কথাও তাঁর আলোচনায় উঠে আসে।

বক্তাদ্বয়ের আলোচনা শেষে সভামুখ্য অধ্যাপক ডঃ লাহিড়ী সভার আলোচনার সারমর্ম ব্যক্ত করেন এবং নিজের কিছু মূল্যবান বক্তব্য যুক্ত করেন। অতঃপর সঞ্চালক শ্রী সৌমাভ চক্রবর্তী শ্রোতাদের আহ্বান জানান তাঁদের প্রশ্ন এবং মন্তব্য জানানোর জন্য। প্রশ্নোত্তর পর্ব শেষে সঞ্চালক ডঃ গীতশ্রী সরকার সমাপ্তি ভাষণ জ্ঞাপন করেন এবং অপর সঞ্চালক শ্রী সৌমাভ চক্রবর্তীকে ধন্যবাদ জ্ঞাপনের জন্য আহ্বান জানান। শ্রী সৌমাভ চক্রবর্তীর ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষিত হয়।

NETAJI SUBHAS OPEN UNIVERSITY

School of Humanities

Established By Act (W.B. Act (XIX) of 1997 and Recognised by U.G.C.)


Head Office: DD-26, Sector-I, Salt Lake City, Kolkata-700064; Phone: 033 40663214

Kalyani Campus: KalyaniGhoshpara, Kalyani 741235; Phone: 033 25820103

Website: www.wbnsou.ac.in; Email: nsou@wbnsou.ac.in

Accredited by NAAC with Grade 'A'

অনুষ্ঠানের কিছু মুহূর্তের ছবি নিম্নে সংযুক্ত করা হল।



NETAJI SUBHAS OPEN UNIVERSITY

School of Humanities


Established By Act (W.B. Act (XIX) of 1997 and Recognised by U.G.C.)

Head Office: DD-26, Sector-I, Salt Lake City, Kolkata-700064; Phone: 033 40663214

Kalyani Campus: KalyaniGhoshpara, Kalyani 741235; Phone: 033 25820103

Website: www.wbnsou.ac.in; Email: nsou@wbnsou.ac.in

Accredited by NAAC with Grade 'A'



NETAJI SUBHAS OPEN UNIVERSITY

School of Humanities

Established By Act (W.B. Act (XIX) of 1997 and Recognised by U.G.C.)

Head Office: DD-26, Sector-I, Salt Lake City, Kolkata-700064; Phone: 033 40663214

Kalyani Campus: KalyaniGhoshpara, Kalyani 741235; Phone: 033 25820103

Website: www.wbnsou.ac.in; Email: nsou@wbnsou.ac.in

Accredited by NAAC with Grade 'A'



শ্রী সৌমাভ চক্রবর্তী

সহকারী অধ্যাপক

ইংরাজি ভাষা ও সাহিত্য বিভাগ

নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়

ডঃ গীতশ্রী সরকার

সহকারী অধ্যাপক

বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ

নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়